গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর
(জেএম শাখা)
www.meherpur.gov.bd

## মেহেরপুর জেলা চোরাচালান প্রতিরোধ কমিটির ফেব্রুয়ারি, ২০২১ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : ড.মোহাম্মদ মুনসুর আলম খান
জেলা ম্যাজিস্ট্রেট, মেহেরপুর

স্থান : জেলা প্রশাসক, মেহেরপুর এর সম্মেলন কক্ষ
তারিখ ও সময় : ১৪.০২.২০২১ খ্রিঃ; বেলা- ১১:০০ টা

উপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট- 'ক'

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মেহেরপুর কর্তৃক ১০.০১.২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সংশ্লিষ্ট তথ্যের আলোকে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১) জেলা টাস্কফোর্স ও বিভিন্ন সংস্থা কর্তৃক পরিচালিত অভিযানঃ<br>(ক)জেলা টাস্কফোর্স কর্তৃক জানুয়ারি, ২০২১ মাসে ৯ টি অভিযান পরিচালনা করা হয়। এ অভিযানে ৫০০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়েছে। মামলা হয়েছে ৯টি। আসামী গ্রেপ্তার হয়েছে- ৯ জন। এ জেলার বাংলাদেশ-ভারত ১১৭.৫৩ কিঃমিঃ সীমান্তে ভারতের কাঁটাতার দ্বারা বেষ্টনী থাকায় উল্লেখযোগ্য কোন মালামাল ভারত থেকে প্রবেশ করতে পারে না। ফলে টাস্কফোর্স-এর অভিযানের মাধ্যমে এ জেলায় উল্লেখযোগ্য কোন মালামাল আটক করা সম্ভব হয় না। | এ জেলার টাস্কফোর্স অভিযান কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখার নিমিত্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগের বিষয়টি নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মেহেরপুর। |
| খ) ৪৭ বিজিবি ব্যাটালিয়ন, মিরপুর, কুষ্টিয়া কর্তৃক জানুয়ারি, ২০২১ মাসে ৩৫০টি অভিযান পরিচালনা করা হয় ডিসেম্বর, ২০২০ মাসেও ৩৫০টি অভিযান পরিচালনা করা হয়। কোন মালামাল উদ্ধার বা কোন মামলা দায়ের হয়নি। | এ জেলায় চোরাচালান রোধকল্পে নিয়মিতভাবে অভিযান পরিচালনা অব্যাহত রাখা। এ দেশ থেকে সার ও জ্বালানী তেল যাতে ভারতে পাচার না হয় এবং নিষিদ্ধ পণ্য (Contraband) দ্রব্যাদি এ দেশে প্রবেশ করতে না পারে সে ব্যাপারে সতর্কতা অবলম্বন করতে হবে। | অধিনায়ক, ৬/৪৭ বিজিবি ব্যাটালিয়ন, চুয়াডাঙ্গা/ মিরপুর, কুষ্টিয়া। |
| গ) ৬ বিজিবি ব্যাটালিয়ন, চুয়াডাঙ্গা কর্তৃক জানুয়ারি, ২০২১ মাসে ৬২০টি অভিযান পরিচালনা করা হয়। কোন মালামাল উদ্ধার বা কোন মামলা দায়ের হয়নি। ডিসেম্বর, ২০২০ মাসেও ৬২০টি অভিযান পরিচালনা করা হয়। এ অভিযানে ৭০,৮০০/- টাকা মূল্যের মালামাল উদ্ধার করা হয়েছে। কোন মামলা দায়ের হয়নি। | | |
| ঘ) পুলিশ বিভাগ কর্তৃক জানুয়ারি, ২০২১ মাসে ২৫টি অভিযান পরিচালনা করা হয়েছে। এ অভিযানে ৬,১৩,০০০/- টাকার **২ কেজি ৩০০ গ্রাম গাঁজা, ১১ গ্রাম হেরোইন, ১৫০ পিচ ইয়াবা এবং ফেন্সিডিল- ৪১২ বোতল** উদ্ধার করা হয়েছে। আসামী গ্রেপ্তার হয়েছে ২৮ জন। মামলা দায়ের হয়েছে- ২২টি। ডিসেম্বর, ২০২০ মাসে ২৫টি অভিযান পরিচালনা করা হয়েছে। এ অভিযানে ৭,৪৪,৮০০/- টাকার **২.২৯০ কেজি গাঁজা, ৫৭৭ বোতল ফেন্সিডিল, ৯ গ্রাম হেরোইন, ১০৬ পিচ ইয়াবা** উদ্ধার করা হয়েছে। আসামী গ্রেপ্তার হয়েছে ২১ জন। মামলা দায়ের হয়েছে- ২৫টি। | পুলিশ বিভাগ কর্তৃক অভিযান পরিচালনা এবং আসামী গ্রেপ্তারের চেষ্টা অব্যাহত রাখতে হবে। | পুলিশ সুপার, মেহেরপুর। |
| ঙ) প্রতিবেদন অনুযায়ী RAB-৬ গাংনী কর্তৃক জানুয়ারি, ২০২১ মাসে কতটি অভিযান পরিচালনা করা হয়েছে, কোন মালামাল উদ্ধার হয়েছে কি না এবং কোনও আসামী গ্রেপ্তার হয়েছে কি না সে সম্পর্কিত তথ্য পাওয়া যায়নি। ডিসেম্বর, ২০২০ মাসেও কতটি অভিযান পরিচালনা করা হয়েছে, কোনও মালামাল উদ্ধার হয়েছে কি না এবং কোনও আসামী গ্রেপ্তার হয়েছে কি না সে সম্পর্কিত তথ্য পাওয়া যায়নি। | প্রতিবেদন প্রেরণসহ এ জেলার সীমান্ত এলাকায় RAB কর্তৃক মাদক প্রতিরোধ করার লক্ষ্যে অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, RAB, গাংনী। |
| চ) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেল, মেহেরপুর কর্তৃক জানুয়ারি, ২০২১ মাসে কতটি অভিযান পরিচালনা করা হয়েছে, কোন মালামাল উদ্ধার হয়েছে কি না এবং কোনও আসামী গ্রেপ্তার হয়েছে কি না সে সম্পর্কিত তথ্য পাওয়া যায়নি। ডিসেম্বর, ২০২০ মাসেও কতটি অভিযান পরিচালনা করা হয়েছে, কোনও মালামাল উদ্ধার হয়েছে কি. না এবং কোনও আসামী গ্রেপ্তার হয়েছে কি না সে সম্পর্কিত তথ্য পাওয়া যায়নি। স্থানীয় কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা গেল না। গোপন তথ্যের ভিত্তিতে টাস্কফোর্স অভিযানের মাধ্যমে ফলপ্রসূ অভিযান পরিচালনার বিষয়ে উদ্যোগ গ্রহণ করাসহ এ বিষয়ে কর্মরত কর্মকর্তাকে আরও উদ্যোগী হওয়ার জন্য আহ্বান জানানো হয়। | কাস্টমস কর্তৃপক্ষকে টাস্কফোর্স অভিযান পরিচালনা করে প্রতিবেদন প্রেরণসহ এ বিষয়ে আরও আন্তরিকতার সাথে উদ্যোগ গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট মেহেরপুর সার্কেল, মেহেরপুর। |

Ant.mag.com

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ছ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক জানুয়ারি, ২০২১ মাসের প্রতিবেদন দৃষ্টে দেখা যায় ৩০টি অভিযান পরিচালনা করে ৬৮,৫০০/- টাকা মূল্যের ৭৫০ গ্রাম গাঁজা, ০৫ গ্রাম হেরোইন, ২ পিচ ইয়াবা এবং স্পিরিট- ৩ লিটার উদ্ধার করা হয়েছে। মামলা হয়েছে ৫ টি। আসামী গ্রেপ্তার হয়েছে- ৫জন। ডিসেম্বর, ২০২০ মাসের প্রতিবেদন দৃষ্টে দেখা যায় ৩৯টি অভিযান পরিচালনা করে ৪৬,০০০/- টাকা মূল্যের ২২৫ গ্রাম গাঁজা, হেরোইন-৭.৫ গ্রাম উদ্ধার করা হয়েছে। মামলা হয়েছে ৮টি। আসামী গ্রেপ্তার হয়েছে- ৮জন। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ফলপ্রসূ অভিযান আরও বৃদ্ধিসহ মাসিক প্রতিবেদন নিয়মিতভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে। | সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মেহেরপুর। |
| ২। সীমান্তবর্তী করিডোরের রাজস্ব আদায় সংক্রান্ত জানুয়ারি, ২০২১ মাসের তথ্যঃ (নিচের সারণি দ্রষ্টব্য) | করিডোর বর্হিভূতভাবে কোন গবাদি পশু (গরু/মহিষ) যাতে চোরাচালান না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। | সহঃ পরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, মেহেরপুর সার্কেল, মেহেরপুর। |

| করিডোরের নাম | গরু | মহিষ | মোট | মোট টাকা |
|---|---|---|---|---|
| দারিয়াপুর | - | - | - | - |
| উজলপুর | - | - | - | - |
| বামুন্দী | - | - | - | - |
| মোট | - | - | - | - |

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৩। উপজেলা ও ইউনিয়নে চোরাচালান নিরোধ কমিটির সভা সংক্রান্ত জানুয়ারি, ২০২১ মাসের তথ্য: (নিচের সারণি দ্রষ্টব্য) | যথাসময়ে উপজেলা পর্যায়ে সভা করে সভার কার্যবিবরণী জেলায় প্রেরণ করতে হবে। দারিয়াপুর, বামুন্দী, উজলপুর করিডোর এর রাজস্ব আদায় সংক্রান্ত তথ্য ইউনিয়ন ও উপজেলা কমিটির সভার কার্যবিবরণীতে উপস্থাপন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)। |

| উপজেলার নাম | ইউনিয়নের নাম | সভার তারিখ |
|---|---|---|
| মেহেরপুর সদর | | ১১.০১.২০২১ |
| | কুতুবপুর | ২৮.০১.২০২১ |
| | বুড়িপোতা | ২৮.০১.২০২১ |
| মুজিবনগর | | ২৫.০১.২০২১ |
| | দারিয়াপুর | ২৪.০১.২০২১ |
| | বাগোয়ান | ১৮.০১.২০২১ |
| গাংনী | | ২১.০১.২০২১ |
| | কাথুলী | ০৩.০১.২০২১ |
| | তেতুলবাড়ীয়া | ১৭.০১.২০২১ |
| | কাজীপুর | ২৫.০১.২০২১ |

৪.০০। **বিবিধঃ**

| অনুচ্ছেদ | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|
| (১) | বাংলাদেশ হতে দেশীয় পণ্য বিশেষ করে সার ও ডিজেল যেন বে-আইনীভাবে ভারতে পাচার না হয় এবং ভারত থেকে কোনো নিষিদ্ধ পণ্য যেন বাংলাদেশে প্রবেশ না করে সে বিষয়ে বর্তমানে নিয়োজিত জনবল নিয়েই সর্বদা সজাগ দৃষ্টি রাখাসহ সীমান্তে টহল জোরদার করতে হবে। | (১) অধিনায়ক, ৪৭ ও ৬ বিজিবি ব্যাটালিয়ন (২) পুলিশ সুপার, মেহেরপুর (৩) সকল সদস্য। |
| (২) | চোরাচালান প্রতিরোধে প্রতিমাসে কমপক্ষে ৫টি টাস্কফোর্স অভিযান পরিচালনাসহ সঠিক তথ্যের ভিত্তিতে মালামাল আটক করার বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। এ জেলার সীমান্ত এলাকার যে সকল স্থানে মাদক পাচারের সুযোগ রয়েছে সে সকল স্থানে মোবাইল কোর্ট পরিচালনা বৃদ্ধি করতে হবে। এছাড়া অন্য জেলা হতে যাতে মাদক প্রবেশ করতে না পারে তা মোবাইল কোর্টের মাধ্যমে আইনগত পদক্ষেপ গ্রহণ করতে হবে। | (১) অধিনায়ক, ৪৭ ও ৬ বিজিবি ব্যাটালিয়ন (২) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মেহেরপুর। (৩) সহকারী পরিচালক, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মেহেরপুর। |
| (৩) | কোনো বাংলাদেশী নাগরিক যাতে বিএসএফ-এর গুলিতে মারা না যায় সে জন্য নোম্যান্স ল্যান্ডে কোন নাগরিক যেতে বা ঘোরাফেরা করতে না পরে সে বিষয়ে বিজিবি সদস্যদের আরও তৎপর হওয়ার জন্য অনুরোধ করা হয় । | অধিনায়ক, ৪৭ ও ৬ বিজিবি ব্যাটালিয়ন। |
| (৪) | মেহেরপুর জেলায় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কার্যক্রমকে আরও জোরদার করে মাদকের অপব্যবহার রোধে বিভাগীয় কর্মতৎপরতা বৃদ্ধি করতে হবে। | অতিঃ পরিচালক, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, খুলনা। |
| (৫) | এ জেলার কাস্টমস বিভাগের কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে বিভাগীয় কর্মতৎপরতা বৃদ্ধির জন্য কাস্টমস কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। | সহকারী কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, মেহেরপুর। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮.০৩.২০২১

(ড.মোহাম্মদ মুনসুর আলম খান)
জেলা ম্যাজিস্ট্রেট
মেহেরপুর।
☎ ০৭৯১-৬২৩০১ (অফিস)
e-mail: dcmeherpur@mopa.gov.bd

Ant.mag.com

স্মারক নম্বর : ০৫.৪৪.৫৭০০.০১২.০৬.০০৪.১৬- ২০২ তারিখ- ০৮.০৩.২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমাসারে নয়) :

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা।
০৪। অতিঃ পরিচালক, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, খুলনা।
০৫। ডেপুটি কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, খুলনা।

অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ

০১। ............................................................
............................................................

08.03.2021

(মোঃ হাফিজ-আল-আসাদ)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
মেহেরপুর।
☎ ০৭৯১-৬২১৪১ (অফিস)

পরিশিষ্ট- 'ক' উপস্থিত সদস্যগণের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে):

০১। পুলিশ সুপার, মেহেরপুর ।
০২। উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর, মেহেরপুর।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, গাংনী, মেহেরপুর।
০৪ উপজেলা নির্বাহী অফিসার, মুজিবনগর, মেহেরপুর।
০৫। প্রতিনিধি, অধিনায়ক, ৪৭ বিজিবি ব্যাটালিয়ন, কুষ্টিয়া।
০৬। অধিনায়ক, ৬ বিজিবি ব্যাটালিয়ন, চুয়াডাঙ্গা পক্ষে প্রতিনিধি।
০৭। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মেহেরপুর প্রতিনিধি।

Ant.mag.com